

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৮৩

পর্ব-৯: দু'আ (তা وكتاب الدعوات)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলার জিকির ও তাঁর নৈকট্য লাভ

আরবী

وَفِي رِوَايَةٍ: «مَثَلُ الشَّجَرَةِ الْخَصْرَاءِ فِي وَسَطِ الشَّجَرِ وَذَاكِرُ اللَّهِ فِي الْغَافِلِينَ مَثَلُ مِصْبًاحٍ فِي بَيْتٍ مُظْلِمٍ وَذَاكِرُ اللَّهِ فِي الْغَافِلِينَ يُرِيهِ اللَّهُ مَقْعَدَهُ مِنَ الْجَنَّةِ وَهُوَ حَيُّ مِصْبًاحٍ فِي بَيْتٍ مُظْلِمٍ وَذَاكِرُ اللَّهِ فِي الْغَافِلِينَ يُرِيهِ اللَّهُ مَقْعَدَهُ مِنَ الْجَنَّةِ وَهُوَ حَيُّ وَذَاكِرُ اللَّهِ فِي الْغَافِلِينَ يُغْفَرُ لَهُ بِعَدَدِ كُلِّ فَصِيحٍ وَأَعْجَمٍ» . وَالْفَصِيحُ: بَنُو آدَمَ وَالْأَعْجَمُ: اللَّهَائِم. رَوَاهُ رزين

বাংলা

২২৮৩-[২৩] অন্য এক বর্ণনায় আছে, শুকনো গাছ-গাছড়ার মধ্যে সতেজ সবুজ গাছ যেমন, তেমনি গাফিলদের মধ্যে জিকিরকারী এমন, যেমন অন্ধকার ঘরে আলো। গাফিলদের মধ্যে জিকিরকারীকে তার জীবদ্দশায়ই তার জান্নাতের স্থান দেখানো হবে এবং গাফিলদের মধ্যে জিকিরকারীর গুনাহ মানুষ ও পশুর সংখ্যা পরিমাণ ক্ষমা করে দেয়া হবে। (রযীন)[1]

ফুটনোট

[1] য'ঈফ: শু'আবূল ঈমান ৫৬২, য'ঈফ আল জামি' ৩০৩৭, য'ঈফ আত্ তারগীব ১০৫১। কারণ এর সানাদে আল হাসান ইবনু 'আরাফাহ্ একজন খুবই দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَذَاكِرُ اللّٰهِ فِي الْغَافِلِينَ مَثَلُ مِصْبَاحٍ فِيْ بَيْتٍ مُظْلِمٍ) 'আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, লোক জামা'আতে এবং গাফিলদের মধ্যে যিনি আল্লাহর জিকির করে থাকেন তাকে 'মুজাহিদ ফী সাবিলিল্লাহ'র সাথে তুলনা করার স্বরূপ হলো, যে সমস্ত বান্দা আল্লাহর জিকির না করে বসে আছে তারা নেকী থেকে বঞ্চিত আর যিনি আল্লাহর জিকির করছেন তিনি অবারিত নেকী লাভে ধন্য হচ্ছেন।

যেমনিভাবে একটি দল জিহাদে যাওয়ার পর তাদের সবাই যুদ্ধ ক্ষেত্র থেকে পলায়ন করলো আর তাদের একজন



যুদ্ধ করেই চলছে। কেননা, সে শয়তানকে নিয়ন্ত্রণ করে চলছে আর অপরদেরকে শয়তান নিয়ন্ত্রণ করছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন